

চাঁপাইনবাবগঞ্জে ট্রাকসহ ১৮০০ বোতল ফেন্সিডিল ও ২ জন আসামী আটক



গত ২৮/০৯/১৬ইং তারিখ রাত্রি ৯.০০ ঘটিকায় জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ এর সহকারী পরিচালক জনাব মোঃ আলমগীর হোসেনের নেতৃত্বে ও র্যাব-৫ যৌথভাবে সদর মডেল থানাধীন মহানন্দা ব্রীজ টোল ঘর প্লাজার সামনে মহাসড়কের উপর অভিযান পরিচালনা করে একটি ঢাকা মেট্রো-ট-০২-০৪০৪ নম্বরের গাড়ি তল্লাশী করে ফেন্সিডিল ১৮০০ (এক হাজার

আটশত) বোতল, ১২০(একশত বিশ) বস্তায় ৬০০০ কেজি সামা এবং ৩৪ (চৌত্রিশ) বস্তায় ১১৯০ কেজি তিল, মোবাইল সেট ২টি ও উক্ত ট্রাকসহ ছত্রাজিতপুর জাহাঙ্গীরপাড়া গ্রামের মৃত ফেলু মন্ডলের ছেলে গাড়ির চালক মোঃ আব্দুস ছালাম (৩৫) ও চামা দুখুর মোড় গ্রামের মোঃ বজলুর রহমানের ছেলে মোঃ রফিকুল ইসলাম (৩০) কে গ্রেফতার করা হয়। গাড়ির মালিক ছত্রাজিতপুর জাহাঙ্গীরপাড়া গ্রামের মৃত ফেলু মন্ডলের ছেলে মোঃ টিপু (৪৫) পলাতক ছিল বিধায় তাকে গ্রেফতার করা সম্ভব হয় নাই। এ ব্যাপারে ৩ জন আসামীর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে পরিদর্শক বাদী হয়ে সদর মডেল থানায় মামলা দায়ের করা হয়। মামলা নং ৫২ তারিখ ২৮/০৯/২০১৬।